গাংনীর আমতৈল থেকে গাঁজাসহ আটক ১

মেহেরপুরের গাংনীতে ৯২৫ গ্রাম গাঁজাসহ সাদ আহাম্মেদ(৫০) নামের এক মাদক কারবারীকে আটক করেছে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২)।

গতকাল বুধবার সন্ধ্যা ছয়টার দিকে তাকে আটক করে।আটককৃত সাদ আহম্মেদ গাংনী উপজেলার আমতৈল গ্রামের মৃত রায়হান উদ্দিন ছেলে।

গাংনী র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) কামান্ডার সিনিয়র সহকারী পুলিশ সুপার মোঃ গোলাম ফারুক জানান, মাদক নিয়ে অবস্থান করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব-১২) টিম অভিযান চালিয়ে আমতৈল গ্রামের গোরস্থান পাড়া এলাকা থেকে সাদ আহম্মেদ কে আটক করে।

এসময় তার কাছে থেকে ৯২৫ গ্রাম গাঁজা, মাদক বিক্রির নয়শ টাকা ও একটি বাটন মোবাইল উদ্ধার করে। তিনি আরো জানান,আটককৃত সাদ আহম্মেদকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা পূর্বক গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।